

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৫৬

আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০১৯

বিধানসভা সংবাদ

জল সংরক্ষণে সরকার
বিভিন্ন উদ্যোগ নিয়েছে : মুখ্যমন্ত্রী

জল সংরক্ষণের জন্য রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে রাজ্যে নতুন ৩৫০টির বেশি চেকড্যাম তৈরি করা হচ্ছে। বনদপ্তরের জাইকা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে ১,৪৪৭টি চেকড্যাম তৈরি করা হবে। আগামী দিনগুলিতে এইসব চেকড্যামের মাধ্যমেই রাজ্যে বিশুদ্ধ পানীয়জল ও জলসেচের ব্যবস্থা করা হবে। আজ বিধানসভার দ্বিতীয়ার্ধে বিধায়ক রতন চক্রবর্তী ও মুখ্য সচেতক কল্যাণী রায় আনীত এক দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। বিধায়কদ্বয়ের আনা মূল নোটিশটি ছিল “মাননীয় প্রধানমন্ত্রীর আহ্বানে প্রাকৃতিক জল সম্পদ সংরক্ষণে রাজ্য সরকারের উদ্যোগ সম্পর্কে” জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, সরকার রাজ্যের সকল পরিবারকে বিনামূল্যে বিশুদ্ধ পানীয়জলের সুবিধা দিতে অটল জলধারা মিশনের সূচনা করেছে। এরজন্য ব্যয় হবে প্রায় ১ হাজার কোটি টাকা। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী যে জল সম্পদ মন্ত্রণালয় গঠন করেছেন তার জন্য দেড় লক্ষ কোটি টাকা বাজেট রাখা হয়েছে। এই সম্পর্কিত বিভিন্ন স্কিম চালু হলে রাজ্যও উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। জল সংরক্ষণ সম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দিশাতেই রাজ্য সরকার কাজ করছে। এই প্রসঙ্গে মুখ্য সচেতক কল্যাণী রায় এবং বিধায়ক রতন চক্রবর্তীও আলোচনা করেন।
